

ঘানা প্রজাতন্ত্র প্রেসিডেন্টের সরকারি ভারত সফর(১০-১৩ নভেম্বর ২০১৩)

ভারতের রাষ্ট্রপতির আমন্ত্রণে ঘানা প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট সম্মানীয় মিঃ জন ড্রামানি মাহামা ১০ নভেম্বর থেকে ১৩ নভেম্বর, ২০১৩ ভারতে সরকারি সফর করছেন। উচ্চপদস্থ অফিসার সহ ঘানার বিদেশ বিষয়ক, অর্থ ও আর্থিক যোজনা, শিল্প ও বাণিজ্য, তথ্য ও সংবাদ মাধ্যম বিষয়ক এবং বৃহত্তর আকরা অঞ্চল বিষয়ের মন্ত্রীরা সহ উচ্চ স্তরের প্রতিনিধি মন্ডল প্রেসিডেন্টের সফরসঙ্গী হচ্ছেন।

এই সফরে রাষ্ট্রপতি ঘানার প্রেসিডেন্ট মাহামাকে স্বাগত জানাবেন এবং তাঁর সম্মানার্থে নৈশভোজের আয়োজন করছেন। তিনি ভারতের প্রধানমন্ত্রীর সংগে অভিন্ন স্বার্থের দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে বৈঠক করবেন। পররাষ্ট্রমন্ত্রী এবং শিল্প ও বাণিজ্য মন্ত্রী ঘানার প্রেসিডেন্টের সংগে সাক্ষাৎ করবেন। যৌথভাবে ফিকি, সিআইআই এবং অ্যাসোসোচেম আয়োজিত একটি বণিকসভার বৈঠকে প্রেসিডেন্ট মাহামা ভাষণ দেবেন।

করমোবর্ধমান আর্থিক সম্পর্কের বৈশিষ্ট্য সহ ভারত ও ঘানার মধ্যে নিবিড় বন্ধুত্বমূলক সম্পর্ক রয়েছে। প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ ঘানার সংগে বর্তমানের পরিকাঠামো ও শিল্প উন্নয়ন কর্মসূচী রয়েছে। এর ফলে উভয় দেশের মধ্যে লগ্নি ও বাণিজ্য প্রসারের গুরুত্বপূর্ণ সম্ভাবনা তৈরি হয়েছে।

নয়াদিল্লি

৪ নভেম্বর ২০১৩